দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

16 MAY 1989
7 ... 5

15

# সমস্যা জর্জরিত কয়েকটি প্রাথমিক বিদ্যালয়

বিভিন্ন স্থানের সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নানাবিধ সমস্যা বিরাজ করায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় বিঘ্ন ঘটিতেছে। খবর ইত্তেফাক সংবাদদাতাদের।

**রাজবাড়ী :** রাজবাড়ী জেলার চার উপজেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে ৪৫ জন শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। অভিযোগ আছে—একশ্রেণীর শিক্ষক স্কুলে নিয়মিত অনুপস্থিত থাকেন। বন্যায় ১৯টি বিদ্যালয় সম্পূর্ণ বিধ্বস্ত হওয়ায় সেগুলিতে কোনও আসবাব নাই। শিক্ষা প্রতিষ্ঠানগুলির ১০ হাজার ছাত্র-ছাত্রী খোলা আকাশের নীচে বা অন্যের গৃহে শিক্ষা গ্রহণ করিতেছে।

**কালিয়া (নড়াইল) :** কালিয়া উপজেলার সরসপুর, পশ্চিম বোড়লী, সুমেরুখোলা ও কলসুর প্রাথমিক বিদ্যালয়গুলির ছাদ জরাজীর্ণ হইয়া পড়িয়াছে। ছাদে ফাটলের কারণে বর্ষায় শ্রেণীকক্ষগুলি পানিতে সয়লাব হইয়া যায়। ছাদ যেকোনও সময় ভাঙ্গিয়া পড়িতে পারে।

ওদিকে, মাধবপাশা প্রাথমিক বিদ্যালয়ের ছাদ কয়েক বছর আগে বিধ্বস্ত হওয়ার পর সেখানে একটি টিনের চালা নির্মিত হইলেও টিনের চাল দিয়া পানি পড়ে। ফলে, ছাত্র-ছাত্রীদের ক্লাস করা মুসকিল।

এদিকে উপজেলার ঝড়ে বিধ্বস্ত ৩০টি বিদ্যালয়ের বেশীরভাগের মেরামত ও সংস্কার না হওয়ায় ঐ সব বিদ্যালয়ের অধিকাংশেই গাছ তলায় ক্লাস চলিতেছে।

**বাগেরহাট :** গত নভেম্বরের ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত রামপাল উপজেলার ৭৭টি সম্পূর্ণ ও ১৯টি আংশিক ক্ষতিগস্ত শিক্ষা প্রতিষ্ঠান আজও বিধ্বস্ত অবস্থায় রহিয়াছে। প্রয়োজনীয় আর্থিক সাহায্য পাওয়া যায় নাই। ইতিমধ্যে বহু বিদ্যালয়-গৃহের কাঠ ও অন্যান্য সরঞ্জাম চুরি হইয়াছে। শিক্ষকগণ খোলা মাঠে ক্লাস লইতেছেন।

**বরগুনা :** আমতলী উপজেলার নিশানবাড়িয়া প্রাথমিক বিদ্যালয়টি দীর্ঘ ২০ বছর পরেও সরকারী অনুমোদন লাভ করে নাই।

**সুনামগঞ্জ :** সুনামগঞ্জ সদর উপজেলার মোহনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়টির দুরবস্থার দরুন ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। গত কয়েক বছরের বন্যায় প্রাচীন বিদ্যালয়টি

গিয়াছে। এদিকে ফ্যাসিলিটিজ বিভাগ ১৯৮৭ সনে শব্দমিয়াপাড়া, ভাই-বোনছড়া, খাগড়াপুর, হরিনাথপাড়া, সিংগীনালা, চৌধুরীপাড়া, চান্দপাড়া ও দীঘিনালা প্রাইমারী স্কুল ভবনের পাকাকরণের কাজে হাত দিলেও অদৃশ্য কারণে স্কুলগুলির নির্মাণ কাজ বন্ধ হইয়া গিয়াছে। কমলছড়ি, পেড়াছড়া, মুনিগ্রাম ও পানছড়ি উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞানাগার নির্মাণের কাজও বন্ধ হইয়া গিয়াছে। ফলে এইসব বিদ্যালয়ে ক্লাস আদায়ের ক্ষেত্রে দারুণ সমস্যার সৃষ্টি হইয়াছে। পেড়াছড়া, রামগড়, মাইচছড়ি ও কমলছড়ি উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা জীর্ণ-শীর্ণ ভবনে ভীতির মধ্য দিয়া ক্লাস করিতেছে। রামগড় সরকারী উচ্চ বিদ্যালয়ের ছাদ ধসিয়া পড়ার আশংকা বিরাজ করিতেছে।

**রংপুর :** কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলার ৪৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ও সাতটি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় গৃহের বেড়া, চাল ও বসিবার বেঞ্চ নাই। শিক্ষকেরও অভাব আছে। ফলে ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান ব্যাহত হইতেছে।

---

কর্মীদেরকেও প্রহার করে। প্রায় একপক্ষকাল পূর্বেও পৌর এলাকার কাজীরহাট এলাকায় অনুরূপ ঘটনা ঘটে। উল্লেখ্য, সৈয়দপুর অগ্নি-নির্বাপক কেন্দ্রে একখানি পানিবাহী (ট্যাঙ্কার) গাড়ী থাকিলেও তাহা দীর্ঘদিন যাবৎ অকেজো রহিয়াছে। ফলে অগ্নিকাণ্ডের ঘটনা কেন্দ্রে